

সাক্ষাৎকার

যে চারজন বিশিষ্ট ব্যক্তির সাক্ষাৎকার এ অধ্যায়ে রয়েছে তারা প্রত্যেকেই নিজ নিজ ক্ষেত্রে স্বনামধন্য। জনাব ড. এম. এনামুল হক পুলিশ বিভাগের সর্বোচ্চ পদে দায়িত্ব পালন করেছেন। তার কাছে র্যাবের প্রাতিষ্ঠানিক বিভিন্ন দিক সম্পর্কে আমরা অভিমত চেয়েছি। জনাব নিজামুল হক নাসিম বাংলাদেশ সুপ্রিম কোর্টের প্রথিতযশা আইনজীবী; হাইকোর্ট বিভাগে বিচারপতির দায়িত্ব পালনের অভিজ্ঞতাও তার রয়েছে। তিনি র্যাবের আইনগত বিভিন্ন বিষয়ে মত প্রকাশ করেছেন। জনাব আসিফ নজরুল ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদে শিক্ষকতা করছেন। তিনি একজন তাত্ত্বিকের দৃষ্টিকোণ থেকে র্যাবকে বিশ্লেষণের প্রয়াস পেয়েছেন। শেষ সাক্ষাৎকারটি ব্যারিস্টার সারা হোসেনের। তরুণ প্রজন্মের যে ক'জন আইনচর্চাকারী নিজেদের মানবাধিকার আইনজীবী হিসেবে পরিচিত করে তুলেছেন, তিনি তার অন্যতম পুরোধা। তার সাক্ষাৎকারে আমরা পাবো র্যাব সম্পর্কে একজন মানবাধিকার কর্মীর দৃষ্টিভঙ্গি, যিনি এর আইনি দিকগুলো সম্পর্কেও যথেষ্ট ওয়াকিবহাল।

সাক্ষাৎকার গ্রহণে ছিল আসক-এর কমিউনিকেশন ইউনিট।